

## সরকারি সেবা সম্পর্কিত মোবাইল এ্যাপস এর নাম/আইডিয়া আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রণীত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, রূপকল্প-২০২১ বাস্তবায়ন এবং আইসিটি'র মাধ্যমে দেশকে সমৃদ্ধির দ্বারপ্রান্তে উপনীত করতে আইসিটি বিভাগ কাজ করে যাচ্ছে। বিভিন্ন উদ্ভাবনী ও সৃজনশীল কর্মকান্ডকে উৎসাহিত করতে এবং সরকারী সেবা সহজ ও দ্রুততম সময়ে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে আইসিটি বিভাগের বিভিন্ন প্রকল্প চলমান রয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অন্যতম অনুসঙ্গ হলো মানুষের হাতে হাতে আইসিটি উপকরণ সহজলভ্য করা এবং সরকারের বিভিন্ন সেবা দ্রুত সময়ে নির্ধারিত খরচে ও কম ভিজিটে (TCV) প্রাপ্তি নিশ্চিত করা।

০২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত)” প্রকল্পের আওতায় সরকারি-বেসরকারি দপ্তরের জনস্বার্থ সংশ্লিষ্ট ও ভবিষ্যতে গুরুত্ব বিবেচনায় ২০০ এর অধিক এ্যাপস তৈরী করা হবে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী প্রতিটি এ্যাপস উন্নয়নের জন্য ৫ থেকে ৭ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তবে এ্যাপস এর গুরুত্ব ও প্রয়োজনীয়তার নিরীখে প্রস্তাবিত বরাদ্দ কম-বেশী হতে পারে। এ জন্য সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ডিভিশন, দপ্তর, পরিদপ্তর, অধিদপ্তর, সংস্থা বিভাগীয় কার্যালয়, জেলা পর্যায়ের দপ্তর, উপজেলা পর্যায়ের দপ্তর, স্বায়ত্বশাসিত সংস্থাসহ যে কোন দপ্তরের জনসেবা, জনস্বার্থ ও সেবা সহজীকরণ বিষয়ক এ্যাপসের মাধ্যমে অধিকতর সেবা প্রদানের সুযোগ থাকলে তা এ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা সম্ভব। প্রকল্প প্রাপ্ত এ্যাপসের প্রস্তাব যাচাই-বাছাই করে HOPE এর অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করবে। এ জন্য প্রস্তাবকারী দপ্তরের কোন অর্থের সংশ্লেষ থাকবেনা। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রস্তাবিত এ্যাপসগুলির ভূমিকা ও গুরুত্ব স্বীকার্য হতে হবে।

০৩। এমতাবস্থায়, যে সকল দপ্তরের এ্যাপস উন্নয়নের প্রয়োজন সেই সকল দপ্তরের এ্যাপস এর নাম, আইডিয়া, এর উপযোগিতা ও সম্ভাব্য ব্যয় উল্লেখপূর্বক প্রকল্প পরিচালক বরাবর প্রস্তাব সরাসরি বা ই-মেইলে ([pd.sdmga@gmail.com](mailto:pd.sdmga@gmail.com)) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



(মোহাম্মদ আবদুল হাই, পিএএ)

প্রকল্প পরিচালক (উপসচিব)

ফোন: +৮৮-০২-৮১৮১২৮৬

ই-মেইল: [pd.sdmga@gmail.com](mailto:pd.sdmga@gmail.com)